যুগান্তর

তারিখ ... 4 JUN 2003 ...
পৃষ্ঠা ... কলাম ...

# চাঁদপুরে ৪ শতাধিক প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুর জেলায় পর্যাপ্ত শিক্ষক না থাকায় প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। জেলায় ৩ হাজার ১৭৬ জন সহকারী শিক্ষকের পদ থাকলেও ৪ শতাধিক শিক্ষকের পদ দীর্ঘ দিন থেকে খালি আছে। এছাড়া প্রধান শিক্ষকের ৭৮৬টি পদ থাকলেও ৪১টি পদ খালি আছে। শিক্ষকের শূন্যতায় ক্লাস নিতে হিমশিম খেতে হচ্ছে কর্মরত শিক্ষকদের। কোন কোন স্কুলে ২ জন শিক্ষককে ৭ জন শিক্ষকের ক্লাস নিতে হচ্ছে। মফস্বলের স্কুলগুলোর অবস্থা সবচেয়ে শোচনীয়। শহরের স্কুলগুলো শিক্ষকশূন্যতা থেকে অনেকটা এগিয়ে আছে। এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলাপকালে তিনি জানান, শিক্ষকশূন্যতার জন্য এ বছর পর পর দু'দফা নিয়োগ সংক্রান্ত সকল প্রক্রিয়া প্রায় শেষের পথে।